

তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৩.০০.০৯.২০১০-৫২৩

প্রাপক: জেলা প্রশাসক
বান্দরবান/রাজামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়: পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সদস্যদের মধ্যে রেশন হিসেবে বিতরণের জন্য ২য় কিস্তির খাদ্যশস্য (চাল) বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-২৯, তারিখ: ১৭/০৭/২০২৩ খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৭/০৭/২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-২৯, নং স্মারকে বরাদ্দকৃত খাদ্যশস্যের মধ্যে এ মন্ত্রণালয়ের ২৫/০৭/২০২৩ তারিখের ২৯.০০.০০০০.২২৩.০২.০০৩.২০১৫ (খন্ড-৪)-৪০৩ নং স্মারকে জনসংহতি সমিতির তালিকাভুক্ত সদস্যদের জন্য বিভাজনকৃত ২,৩৫৯.৮০০ মে.টন চাল খাদ্যশস্য এর মধ্যে ২য় কিস্তি বাবদ ৫৮৯.৯৫০ মে.টন চাল সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে নিম্নোক্তহারে ছাড়করণ করা হলো:

ক্রমিক নং	জেলার নাম	পরিবারের সংখ্যা	বরাদ্দের পরিমাণ (চাল) মে.টন
১।	রাজামাটি পার্বত্য জেলা	১০০৭	৩০২.১৭৪ মে.টন
২।	খাগড়াছড়ি পার্বত্য জেলা	৯২৬	২৭৭.৮৭৪ মে.টন
৩।	বান্দরবান পার্বত্য জেলা	৩৩	৯.৯০২ মে.টন
	মোট	১৯৬৬	৫৮৯.৯৫০ মে.টন

০২। এ ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়-৩৭, সামাজিক সুবিধাদি-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১-ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২-ত্রাণ কার্য গম খাত এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ১৭/০৭/২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-২৯, নম্বর স্মারকমূলে বরাদ্দকৃত খাদ্যশস্যের অর্থনৈতিক মূল্যের ভিত্তিতে আনুপাতিক হার এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য বিভাজনকৃত পত্রে বরাদ্দকৃত খাদ্যশস্য খাত থেকে বহন করা হবে।

শর্তসমূহঃ

- এ মন্ত্রণালয়ের ১৯/১০/২০০৬ খ্রি. তারিখের পাচবিম (সম-১)-৭৩/৯৮(অংশ-১)-৩০৩ নং স্মারকে বিশেষ প্রকল্প বাস্তবায়ন কর্মসূচির জন্য পার্বত্য জেলার জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহার ও বিতরণ নীতিমালায় বর্ণিত সকল শর্তাদি যথানিয়মে প্রতিপালন এবং বিতরণ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
- বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে।
- প্রয়োজনবোধে জেলা প্রশাসক বরাদ্দকৃত ত্রৈমাসিক খাদ্যশস্য ০১ (এক) মাস অন্তর অন্তর খাদ্য গুদাম হতে উত্তোলনপূর্বক বিতরণ করতে পারবেন।
- বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।




(মালেকা পারভীন)
উপসচিব (সমষ্টি-১)
ফোনঃ ৫৫১০০৬৩০

তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

স্মারক নম্বর- ২৯.০০.০০০০.২২৩.০০.০৯.২০১০-৫২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাঙ্কফোর্স, খাগড়াছড়ি।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, বান্দরবান/রাজামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী মহাজনী পাড়া, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান/রাজামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- অফিস কপি।


২১/১১/২০২৩
(মালেকা পারভীন)
উপসচিব (সমষ্টি-১)